**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসির ভিলেজ কমিটি নির্বাচন আগামী ২৭ সেপ্টেম্বর এক দফায় সম্পন্ন করতে রাজ্য নির্বাচন কমিশনের প্রস্তাবে সম্মতি জানিয়েছে সুপ্রিম কোর্ট ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার সুশাসন বজায় রেখে স্বচ্ছতার সঙ্গে কাজ করছে ।**

**(৩) স্লোভাকিয়ার রাষ্ট্রপতি পিটার পেলেগ্রিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে স্লোভাকিয়ার সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান, "দ্য অর্ডার অফ দ্য হোয়াইট ডাবল ক্রস, ফার্স্ট ক্লাস" প্রদান করেছেন।**

**(৪) রাজ্যের জনজাতিদের ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র সারিন্দা GI স্বীকৃতি অর্জন করেছে।**

**(৫) আর্জেন্টিনা ভক্তদের অপেক্ষার অবসান, বিশ্বকাপে মাঠে নামছে মেসি বাহিনী ।**

****************************************************************

## Supreme Court on ADC:

এডিসির ভিলেজ কমিটি নির্বাচন আগামী ২৭ সেপ্টেম্বর এক দফায় সম্পন্ন করতে রাজ্য নির্বাচন কমিশনের হলফ নামায় উল্লেখিত প্রস্তাবে সম্মতি জানিয়েছে সুপ্রিম কোর্ট। আজ বিচারপতি জয়মাল্য বাগচী ও বিচারপতি বিপুল এম. পাঞ্চোলির ডিভিশন বেঞ্চ-এ মামলার শুনানি কালে রাজ্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে হলফ নামা দাখিল করা হয়| ত্রিপুরা রাজ্য নির্বাচন কমিশনের পক্ষে উপস্থিত অ্যাটর্নি জেনারেল আর. ভেঙ্কটরামানি ভিলেজ

কমিটির নির্বাচন আগামী ২৭ শে সেপ্টেম্বর এক দফায় আয়োজন করার প্রস্তাব দেওয়ার পরই সুপ্রিম কোর্ট সম্মতি প্রদান করে৷ রাজ্য সরকারের পক্ষে উপস্থিত সলিসিটর জেনারেল তুষার মেহতা অ্যাটর্নি জেনারেলের এই প্রস্তাবের সঙ্গে একমত পোষণ করেন।

*************************

**Village committee voter :**

আসন্ন ভিলেজ কমিটি নির্বাচনে মোট ভোটারের সংখ্যা ৯ লক্ষ ৬১ হাজার ৭৬০ জন। এদের মধ্যে পুরুষ ভোটার ৪ লক্ষ ৮১ হাজার ৯০৯ জন মহিলা ভোটার ৪ লক্ষ ৭৯ হাজার ৮৪৫ জন তৃতীয় লিঙ্গের ভোটার ৬ জন৷

*************************

**Inauguration- CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার সুশাসন বজায় রেখে স্বচ্ছতার সঙ্গে কাজ করছে| এর ফলে ত্রিপুরা শীঘ্রই অগ্রণী রাজ্যের মর্যাদা অর্জন করতে সক্ষম হবে। আজ ধলাই জেলার কমলপুরের হালাহালি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে 'বিদ্যাজ্যোতি স্কুল' প্রকল্পের আওতায় হালাহালি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন স্কুল ভবনের নির্মাণ কাজের উদ্বোধন ও ধলাই জেলার ১৪টি প্রকল্পের ভার্চুয়ালি উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন| মুখ্যমন্ত্রী বলেন, শাসনব্যবস্থার সংস্কার, ডিজিটাল রূপান্তর, বিনিয়োগ বৃদ্ধি, স্বাস্থ্যসেবা, শিক্ষা, উদ্ভাবন এবং উদ্যোক্তা তৈরির ক্ষেত্রে ত্রিপুরা উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে।

উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কান্তি দেব, স্বপ্না দাস পাল, ধলাই জেলার জেলাশাসক বিবেক এইচ. বি বিদ্যালয়, শিক্ষা দপ্তরের সচিব মিলিন্দ রামটেক প্রমুখ।

*************************

## IDY, Preparation- UNAKOTI:

আগামী ২১শে জুন দ্বাদশ আন্তজার্তিক যোগা দিবস উদযাপনের লক্ষ্যে আজ ঊনকোটি জেলার জেলাশাসক কার্যালয়ে এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, জেলা শাসক মেঘা জৈন সহ ত্রি-স্তর পঞ্চায়েত ও পুর পরিষদের জনপ্রতিনিধিরা।

*************************

## PM:

স্লোভাকিয়ার রাষ্ট্রপতি পিটার পেলেগ্রিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে স্লোভাকিয়ার সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মান, "দ্য অর্ডার অফ দ্য হোয়াইট ডাবল ক্রস, ফার্স্ট ক্লাস" প্রদান করেছেন। এই বিশিষ্ট সম্মানের জন্য প্রধানমন্ত্রী শ্রী মোদী স্লোভাকিয়ার রাষ্ট্রপতি, সরকার এবং জনগণের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। পুরস্কারটি গ্রহণ করে তিনি উল্লেখ করেন, এই সম্মানটি ভারতের ১৪০ কোটি মানুষের প্রতি এবং ভারত ও স্লোভাকিয়ার মধ্যে অটুট বন্ধুত্বের বন্ধনের প্রতি একটি শ্রদ্ধাঞ্জলি।

*************************

## Felicitation:

ঊনকোটি জেলার কুমারঘাটে গীতাঞ্জলি অডিটোরিয়ামে আজ এক অনুষ্ঠানে পাবিয়াছড়া বিধানসভা কেন্দ্রের অধীন বিদ্যালয়গুলির মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ সমস্ত ছাত্র-ছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়। এই কর্মসূচির উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস।

*************************

## Voice Over- Ease Of Doing Business:

বিগত ১২ বছরে, এনডিএ সরকারের নেতৃত্বে ব্যবসা করার পরিবেশ হয়েছে আরও সহজ, দ্রুত এবং স্বচ্ছ।ফলে দেশের সার্বিক স্বনির্ভরতার অভিযাত্রায় এই পদক্ষেপ অতিরিক্ত শক্তি যুগিয়েছে | মজবুত হয়েছে জন বিশ্বাসের ভিত্তি | একটি প্রতিবেদন |

######## V/O ########

*************************

**Governor:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে দুধের উৎপাদন বাড়ানো অত্যন্ত জরুরি। এক্ষেত্রে ডেয়ারির একটি বিশেষ ভূমিকা রয়েছে। আজ আগরতলার ইন্দ্রনগরে গোমতী ডেয়ারী পরিদর্শন কালে তিনি একথা বলেন। তিনি বলেন, দেশের উত্তর পূর্বাঞ্চল সহ ত্রিপুরাতেও দুধের ভালো চাহিদা রয়েছে। এক্ষেত্রে গো-পালনে উৎসাহিত করার পাশাপাশি স্থানীয় দুধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কাজ করছে রাজ্য সরকার। রাজ্যে দুগ্ধজাত সামগ্রী উৎপাদনে একটি নতুন অত্যাধুনিক দুধ প্রক্রিয়াকরণ ইউনিট স্থাপন করা হয়েছে। তিনি সেখানে গো-পালক ও সমবায় সমিতির প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন। এরপর রাজ্যপাল কৃষ্ণনগর নোয়াগাঁওস্থিত আগরতলা পুর নিগমের ৮ নম্বর ওয়ার্ডের অন্তর্গত আয়ুষ্মান আরোগ্য মন্দির পরিদর্শন করেন ।

তিনি আজ জিবি হাসপাতালে প্রধানমন্ত্রী জন ঔষধি কেন্দ্রটিও পরিদর্শন করে বলেন এই ধরনের জন ঔষধি কেন্দ্র রাজ্যে আরও বেশি করে খুলতে হবে|

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

## Sarinda-GI:

ত্রিপুরার জনজাতিদের ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র সারিন্দা GI স্বীকৃতি অর্জন করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সামাজিক মাধ্যমে জানান "ত্রিপুরার সারিন্দার এই স্বীকৃতি রাজ্যের অমূল্য লোক ঐতিহ্য সংরক্ষণ ও প্রসারের ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিবেচিত হবে এবং একই সঙ্গে রাজ্যের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে আরও শক্তিশালী করবে। এর ফলে ত্রিপুরার চারটি ঐতিহ্যবাহী সামগ্রী GI-ট্যাগ অর্জন করেছে, যা রাজ্যবাসীর জন্য গর্বের বিষয়|

**************************

## Online-Spl-Ticket-Kamakhya-Temple:

এখন থেকে কামাখ্যা মন্দিরের বিশেষ দর্শনাৰথীদের 'স্পেশাল টিকিট' বুকিং করতে হবে অনলাইনে। অম্বুবাচি মেলা উপলক্ষ্যে লক্ষ লক্ষ পুর্ন্যার্থীর আগমন হবে এই প্রত্যাশায় প্রশাসন ও মেলা কমিটি এই ব্যবস্থা গ্রহন করেছে| বিশেষ দর্শনের টিকিট বুকিং-এর জন্য নতুনভাবে তৈরি অনলাইন পোর্টালটি গতকাল সন্ধ্যা ৬-টা থেকে পুর্ন্যার্থীদের জন্য খুলে দেওয়া হয়েছে।

বিশেষ দর্শনের টিকিট শুধুমাত্র অফিশিয়াল অনলাইন ওয়েবসাইট www.mkdonline.in-এর মাধ্যমে বুক করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

*************************

**RAMP- Scheme:**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, রাজ্য সরকার শিল্প উদ্যোক্তাদের জন্য রাজ্যে শিল্প বান্ধব পরিবেশ সৃষ্টি এবং প্রয়োজনীয় সহায়তা করতে অঙ্গীকারবদ্ধ। শিল্প ও বাণিজ্য দপ্তরের উদ্যোগে আজ আগরতলায় দ্বিতীয় ত্রিপুরা রিভার্স বায়ার-সেলার মিট ২০২৬-এর উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকারের লক্ষ্য হল ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলিকে আরও শক্তিশালী করে ত্রিপুরাকে অর্থনৈতিক অগ্রগতির পথে এগিয়ে নিয়ে যাওয়া। বায়ার ও সেলার মিটের মূল লক্ষ্য ত্রিপুরার ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানগুলির সঙ্গে দেশের বিভিন্ন প্রান্তের সম্ভাব্য ক্রেতাদের সরাসরি সংযোগ স্থাপন করা। যার মাধ্যমে বাজার সম্প্রসারণ, ব্যবসায়িক অগ্রগতি, বাণিজ্যিক ভাবে অংশগ্রহণ বৃদ্ধি এবং নতুন ব্যবসায়িক সুযোগ সৃষ্টি করা সম্ভব হবে।

শিল্প ও বাণিজ্য মন্ত্রী আরও বলেন, ত্রিপুরার নিজস্ব বেশ কিছু গুণমান সম্পন্ন পণ্য ইতিমধ্যে জাতীয় ও আন্তর্জাতিক স্তরে সমাদৃত হয়েছে। জিআই ট্যাগপ্রাপ্ত রাজ্যের বিখ্যাত কুইন আনারস, ঐতিহ্যবাহী রিশা, এবং বাঁশ ও বেতের বিভিন্ন হস্তশিল্পজাত পণ্য রাজ্যের গৌরব বহন করছে। উন্নত যোগাযোগ ব্যবস্থা, পরিকাঠামোগত উন্নয়ন এবং প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহারের ফলে বর্তমানে ত্রিপুরায় ব্যবসা ও বিনিয়োগের পরিবেশ আরও সুদৃঢ় হয়েছে। তিনি রাজ্যের বাইরে থেকে আগত ক্রেতা ও বিনিয়োগকারীদের ত্রিপুরায় বিনিয়োগ ও স্থানীয় পণ্য সংগ্রহের মাধ্যমে রাজ্যের অর্থনৈতিক উন্নয়নের অংশীদার

হওয়ার আহ্বান জানান। শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, আর.এ.এম.পি, কর্মসূচির আওতায় আগামী ২-৩ বছরের মধ্যে রাজ্যের প্রায় ৩৬,০০০ এম.এস.এম.ই. ইউনিটকে প্রশিক্ষণ, প্রযুক্তিগত সহায়তা এবং অর্থনৈতিক সুবিধা দেওয়া হবে। পাশাপাশি ২,৪০০ জন মডেল উদ্যোক্তা গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উদ্যোক্তাদের সহায়তার জন্য ব্লক ও পুরসভা স্তরে আর.এ.এম.পি. ডেস্ক চালু করা হবে।

অনুষ্ঠানে বিশেষভাবে সম্মানিত করা হয় রাষ্ট্রপতির হাত থেকে পুরস্কারপ্রাপ্ত উদ্যোক্তা ধীমান দাস এবং প্রধানমন্ত্রীর 'মন কি বাত' অনুষ্ঠানে স্থান পাওয়া বিশিষ্ট কারুশিল্পী বিজয় সূত্রধর ও প্রদীপ চক্রবর্তীকে।

*************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় ধলাই, ঊনকোটি, গোমতী ও দক্ষিণ জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর ।আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ৯.২ মিলিমিটার।

*************************

**FIFA-World Cup**:

২০২৬ ফুটবল বিশ্বকাপে সর্বশেষ ম্যাচে ইরান ও নিউজিল্যান্ড ২-২ গোলে ড্র করেছে। ভারতীয় সময় অনুযায়ী রাত সাড়ে বারোটায় ফ্রান্স মুখোমুখি হবে সেনেগালের। এরপর আগামীকাল ভোর সাড়ে তিনটেয় ইরাক খেলবে নরওয়ের বিরুদ্ধে। আর সব প্রতীক্ষার অবসান ঘটিয়ে বিশ্ব চ্যাম্পিয়ন আর্জেন্টিনা তাদের

বিশ্বকাপ অভিযান শুরু করতে চলেছে আগামীকাল। আলজিরিয়ার বিরুদ্ধে ভারতীয় সময় সকাল সাড়ে ছটায় তাদের গ্রুপ পর্বের প্রথম ম্যাচটি খেলতে নামবে।

*************************

**Women Cricket:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব ও মৌচাক ক্লাব ফাইনালে পরস্পরের মুখোমুখি হবে। আজ আসরের দুটি সেমিফাইনাল হয়। এম বি বি স্টেডিয়ামে ব্লাডমাউথ ক্লাব ১ রানে এগিয়ে চলো সংঘকে এবং নরসিংগড়ের পি টি এ মাঠে অপর ম্যাচে মৌচাক ক্লাব ৭ উইকেটে তরুণ সংঘ কোচিং সেন্টারকে হারিয়ে দেয়। আগামী ১৮ই জুন ফাইনাল হবে।

*************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লীগ ফুটবল প্রতিযোগিতায় আজ ২টি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় ইকফাই ৩-0 গোলে কেশব সংঘকে পরাজিত করে। পরে একই মাঠে সিমনা তমাকারী ফুটবল ক্লাব ৩-১ গোলে কদমতলী যুব সংস্থাকে হারিয়ে দেয়।

*************************

*************************